

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

০৩ জানুয়ারি, ২০১৮

তারিখঃ ১-----

২০ গ্রোহ, ১৪২৪

বিআরপিডি সার্কুলার নং-০১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

ফাস্ট ট্র্যাক বিদ্যুৎ প্রকল্পসমূহের অনুকূলে ইস্যুকৃত এলসি দায় এর বিপরীতে সাধারণ প্রভিশন সংরক্ষণ প্রসঙ্গে।

গ্রিয় মহোদয়,

ঋণ শ্রেণীকরণ ও প্রভিশনিং সংক্রান্ত [সেপ্টেম্বর ২৩, ২০১২ তারিখের বিআরপিডি সার্কুলার নং-১৪](#) এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উক্ত সার্কুলারের ৪(a)(5) অনুচ্ছেদে অফ-ব্যালান্স শিট এক্সপোজারের বিপরীতে ব্যাংকসমূহকে ১% সাধারণ প্রভিশন সংরক্ষণ করতে হবে মর্মে নির্দেশনা রয়েছে। এক্ষণে উচ্চ অর্থনৈতিক প্রযুক্তি অর্জন, দেশের কৃষি, শিল্প, ব্যবসা-বাণিজ্য ও গৃহস্থালী কাজের চাহিদা অনুযায়ী বিদ্যুৎ ও জ্বালানীর নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে এবং সরকারের অগাধিকার খাত বিবেচনায় বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিপিডিবি) হতে ইতোপূর্বে Letter of Intent (LOI) প্রাপ্ত যেসব ফাস্ট ট্র্যাক বিদ্যুৎ প্রকল্পের অনুকূলে এলসি সুবিধা প্রদান করা হয়েছে এবং আগামী ৩০ সেপ্টেম্বর ২০১৮ এর মধ্যে LOI প্রাপ্তব্য যেসব ফাস্ট ট্র্যাক বিদ্যুৎ প্রকল্পের অনুকূলে এলসি সুবিধা প্রদান করা হবে, সেসব এলসি দায় এর বিপরীতে ১% সাধারণ প্রভিশন সংরক্ষণের বাধ্যবাধকতা হতে অব্যাহতি প্রদান করা হলো। ৩১ ডিসেম্বর ২০১৭ ভিত্তিক প্রতিশন হিসাবায়নের ক্ষেত্রেও এ অব্যাহতি প্রযোজ্য হবে।

৩। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (২০১৩ পর্যন্ত সংশোধিত) এর ৪৫ ধারায় অর্পিত ক্ষমতাবলে এ নির্দেশনা প্রদান করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(আবু ফরাহ মোঃ নাছের)

মহাব্যবস্থাপক

ফোন নং : ৯৫৩০২৫২